



চাদা না দেয়ায় স্কুল শিক্ষককে কুপিয়ে হত্যা

লালপুর (নাটোর) থেকে সংবাদমাতা : ৫০ হাজার টাকা চাদা দিতে ব্যর্থ হওয়ায় বৃহস্পতিবার রাতে সন্ত্রাসীরা হাসুয়া দিয়ে কুপিয়ে হত্যা করেছে লালপুর উপজেলার সংখ্যালঘু সম্প্রদায়ের প্রাইমারি স্কুল শিক্ষক অসিত কুমার সরকারকে (৪০)। তিনি সংস্কারিত অবস্থায় রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা পড়ছেন।

জানা গেছে, প্রায় দেড় মাস আগে সন্ত্রাসীরা ৫০ হাজার টাকা চাদা দাবি করে উড়ো চিঠি দেয়। চিঠিতে তারা এক সত্তাহ পর বাড়িতে এসে টাকা নিয়ে যাওয়ার কথা উল্লেখ করে এবং বিষয়টি জানাজানি হলে সপরিবারে হত্যার হুমকি দেয়। পরে তাঁরা পর দু'মফা গভীর রাতে এসে জানাশায় টাকা দিয়ে দাবিকৃত টাকা চেয়ে অকথা ভাষায় গালাগাল করে চলে যায়; কিন্তু প্রাণ ভয়ে বিষয়টি তিনি কাউকে জানাননি। ঘটনার দিন রাত দেড়টায় সন্ত্রাসীরা অসিতের বাড়িতে গিয়ে একই উপায়ে টাকা চেয়ে অকথা ভাষায় গালাগাল শুরু করলে অসিত বাড়ির পেছন সরঞ্জাম দিয়ে বাহিরে গিয়ে গ্রামের লোকজন ডেকে বাড়ির আড়িনায় আসতেই সন্ত্রাসীরা প্রায় ২ হাত লম্বা হাসুয়া দিয়ে তার বাম পাঁজরে কোপ নিলে সে মাটিতে লুটিয়ে পড়ে। আশঙ্কাজনক অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়। রানার মামলা হয়নি। তবে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে সন্ত্রাসীদের ফেলো যাওয়া হাসুয়া ও মুখোশ উদ্ধার করেছে।